# ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র

## একাদশ-দ্বাদশ শ্রেণি

# ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

- মহানবী (স) এর আবির্ভাবের আগের প্রায় একশ বছর সময়কালকে আইয়ামে জাহেলিয়া বলা হয়। এর অর্থ- অজ্ঞতা, বর্বরতা ও কুসংস্কার।
- মোঙ্গল নেতা হালাকু খান কর্তৃক বাগদাদ ধ্বংস এবং আব্বাসি বংশের পতন হয়- ১২৫৮ খ্রিস্টাব্দে।
- প্রাক-ইসলামি যুগে আরবে অনুষ্ঠিত হওয়া মেলার নাম ছিল- উকাজ মেলা।
- আরবের ষষ্ঠ শতকের শ্রেষ্ঠ কবি ছিলেন- ইমরুল কায়েস বিন হুযর আল কিন্দি।
- প্রাচীনকালে আরবের সুখী ভূমি বা সৌভাগ্য আরব নামে অভিহিত করা হতো- ইয়েমেনকে।
- হযরত মুহাম্মদ (স) এর জীবনকাল- ৫৭০ খ্রি. থেকে ৬৩২ খ্রি.।
- হযরত মুহাম্মদ (স) বিদায় হজ্জের ভাষণ দেন- ৬৩২ খ্রিস্টাব্দে।
- বিশ্বের প্রথম লিখিত সংবিধান- মদিনা সনদ (ধারা ছিল ৪৭টি)।
- আরবি খিলাফত শব্দের অর্থ- প্রতিনিধিত্ব বা স্থলাভিষিক্ত হওয়া।
- ইসলামের ত্রাণকর্তা বলা হয়- হযরত আবু বকর (রা) কে (Savior of Islam)।
- ইউরোপীয় ক্রুসেডারদের পরাজিত করে- বিখ্যাত বীর গাজী সালাহউদ্দিন আইয়ুবির উত্থান।
- কুব্বাতুস সাখরা (Dome of the Rock) নির্মাণ করা হয়- জেরুজালেমে।
- যুদ্ধের ময়দানে শত্রু পক্ষের কাছ থেকে পাওয়া সম্পদকে বলে- গনিমত।
- হযরত নুহ (আ) এর পুত্র সামের বংশধরদেরকে বলা হয়- সেমিটিক।
- মিশরীয়দের উদ্ভাবিত লিখন পদ্ধতি- হায়ারোগ্লিফিক (পবিত্র লিপি)।
- ক্রুসেড শব্দের অর্থ- ধর্মযুদ্ধ (ক্রস থেকে ক্রুসেড শব্দের উৎপত্তি)।

## হিলফুল ফুজুল

- হযরত মুহাম্মদ (স) এর প্রতিষ্ঠিত শান্তিসংঘ- হিলফুল ফুজুল।
- প্রতিষ্ঠা- ৫৯৫ খ্রিস্টাব্দে।
- স্থায়ী ছিল- ৫০ বছর।
- এই শান্তিসংঘের স্লোগান ছিল- 'যুদ্ধ নয় শান্তি চাই'।
- যে যুদ্ধের ভয়াবহতা দেখে নবী (সা.) হিলফুল ফুজুল প্রতিষ্ঠা করে- হারবুল ফুজ্জার যুদ্ধ।

## হুদায়বিয়ার সন্ধি

- হুদায়বিয়ার সন্ধি স্বাক্ষরিত হয়- ৬২৮ খ্রিস্টাব্দে।
- হুদায়বিয়ার সন্ধির শর্ত ছিল- ৪৭টি।
- হুদায়বিয়ার সন্ধি স্বাক্ষরিত হয়- মুসলমান ও কুরাইশদের মধ্যে।

## জাজিরাতুল আরব

- পৃথিবীর বৃহত্তম উপদ্বীপ- জাজিরাতুল আরব।
- জাজিরাতুল আরবের ইংরেজি নাম- আরব উপদ্বীপ।
- আরবি 'জাজিরা' অর্থ- উপদ্বীপ।
- জাজিরাতুল আরব অবস্থিত- এশিয়ার দক্ষিণ-পশ্চিমাঞ্চলে।
- আরব উপদ্বীপের মেরুদণ্ড বলা হয়- লোহিত সাগরের উপকূলের সাথে দণ্ডায়মান পর্বতশ্রেণিকে।

## উকাজ মেলা

- ইসলাম পূর্ব যুগে আরবের একটি আলোচিত মেলা- উকাজ মেলা।
- মেলা হতো- কাবাগৃহের সন্নিকটে, মক্কা ও তায়েফের মধ্যবর্তী উকাজ নামক স্থানে।
- প্রতিবছরে এই মেলায় আরবের কবি সাহিত্যিকগণের আগমন, কবিতা আবৃত্তি, ঘোড়াদৌড় প্রতিযোগিতা এবং জুয়ার আসর বসত।

## Dome of the Rock

- কুব্বাতুস সাখরা বা Dome of the Rock স্থাপনা নির্মাণের জন্য ইতিহাসে বিখ্যাত হয়ে আসেন- খলিফা আব্দুল মালিক।
- এটি অবস্থিত- জেরুজালেমে।
- ইসলামি কর ব্যবস্থা প্রবর্তন করেন- খলিফা আব্দুল মালিক।

## আরো জানতে হবে

- আরব বিশ্বের প্রথম রাজা বলা হয়- মুয়াবিয়াকে।
- বার্মাকিরা বসবাস করে- ইরানের খোরাসানে।
- হুজ্জাতুল ইসলাম বলা হয়- ইমাম গাজালি (র) কে।
- স্পেনে মুসলিম শাসনামলে রাজধানী ছিল- কর্ডোভা।
- স্লাভ সেনাবাহিনী গঠন করেন- তৃতীয় আবদুর রহমান।
- 'প্রত্যেক মানুষ ভাই ভাই' বলেছেন- হযরত মুহাম্মদ (স)।
- মদিনার পূর্বনাম ছিল- ইয়াসরিব।
- দক্ষিণ-পশ্চিম ইউরোপের দেশ স্পেন আগে পরিচিত ছিল- আন্দালুসিয়া নামে।
- কলোসিয়াম নাট্যশালা তৈরি, রোমান আইন সংকলন, অস্ত্রশস্ত্র ও পশমি বস্ত্র উদ্ভাবন হয়- রোমান সভ্যতার সময়কালে।
- স্পেনের ধর্মান্ধ আন্দোলন (Zealot Movement) দমন করেন- দ্বিতীয় আবদুর রহমান।
- গাছের রানি বলা হয়- খেজুর গাছকে।



CamScanner

- ফাতেমি খলিফা আল হাকিম কর্তৃক নির্মিত জ্ঞানচর্চা কেন্দ্র- দারুল হিকমা (বিজ্ঞান ভবন)।
- ইসলামি গণতন্ত্রের জায়গায় রাজতন্ত্রের সূত্রপাত ঘটে- মুয়াবিয়ার সময়কালে।
- স্পেনের মুসলমানদের সর্বশ্রেষ্ঠ শাসক ছিলেন- তৃতীয় আবদুর রহমান।
- 'তারিখ ইফতিতা আল আন্দালুস' গ্রন্থের লেখক- ইবন আল কুতিয়া।
- 'প্রমিথিউস বাউন্ড' নাটকটি লিখেন- গ্রিক নাট্যকার এস্কাইলাসের।
- মুসলিম শাসনামলে ইউরোপের বাতিঘর বলা হতো- কর্ডোভাকে।
- শ্রেষ্ঠত্বের জন্য কর্ডোভাকে বলা হয়- Jewel of the world.
- 'কুরাইশদের বাজপাখি' বলা হয়- আবদুর রহমানকে।
- আধুনিক আলোকবিজ্ঞানের জনক- ইবনে হায়সাম।
- ফাতেমি খিলাফতের সর্বশ্রেষ্ঠ শাসক- আল মুইজ।
- হাম্মুরাবি কোড বলতে বোঝায়- আইনের সংকলন।
- আরবের ম্যাগনাকার্টা বলা হয়- মদিনা সনদকে।
- বিশ্বের শ্রেষ্ঠ সংস্কারক- হযরত মুহাম্মদ (স)।
- মদিনা রাষ্ট্রের রূপ ছিল- ইসলামি গণতান্ত্রিক রাষ্ট্র।
- বিশ্ব মানবতার মুক্তির দূত- হযরত মুহাম্মদ (স)।

## বায়তুল হিকমা

- 'বায়তুল হিকমা' অর্থ হলো- জ্ঞানগৃহ (House of Wisdom)।
- প্রতিষ্ঠা- ৮৩০ খ্রিস্টাব্দে।
- জ্ঞান বিজ্ঞানের অগ্রগতির জন্য খলিফা আল মামুন বাগদাদে প্রতিষ্ঠা করে- 'বায়তুল হিকমা'।
- 'বায়তুল হিকমা'র পরিচালক ছিলেন- হুনাইন ইবনে ইসহাক।

## আইবেরীয় পেনিনসুলা

- আইবেরিয়ান পেনিনসুলা বলা হয়- দক্ষিণ-পশ্চিম ইউরোপে অবস্থিত স্পেন ও পর্তুগালকে।
- তিনদিকে জল এক দিকে স্থলবেষ্টিত উপদ্বীপ হওয়ায় স্পেনকে পেনিনসুলা বলা হয়।
- স্পেনকে বলা হয়- আইবেরীয় উপদ্বীপ।

## দারুল হিকমা

- দারুল হিকমা অর্থ- জ্ঞান ভবন।
- দারুল হিকমা প্রতিষ্ঠা করেন- খলিফা আল হাকিম (১০০৫ সালে)।



খেজুর গাছকে আরবের রানি বলা হয়।

## আরো জানতে হবে

- 'আসাদুল্লাহ' বা 'আল্লাহর সিংহ'- হযরত আলি (রা)।
- ইসলামের ত্রাণকর্তা বলা হয়- হযরত আবু বকর (রা)-কে।
- পঞ্চম খলিফা বলা হয়- ওমর বিন-আবদুল আজিজকে।
- উমাইয়া সাধু বলা হয়- ওমর বিন-আবদুল আজিজকে।
- রোমান সভ্যতার দার্শনিক- সিমিরো, মার্কাস ও লুক্রেটিয়াস।
- 'খুলাফায়ে রাশেদিন' এর অর্থ- সত্য ও ন্যায়পথগামী খলিফাগণ।
- খুলাফায়ে রাশেদিনের সময়কাল- ৬৩২ থেকে ৬৬১ খ্রিস্টাব্দ।
- জামিউল কুরআন বা কুরআন সংকলনকারী- হযরত ওসমান (রা)।
- মুসলিম রাষ্ট্রে অমুসলিমদের নিরাপত্তা দেওয়ার জন্য যে কর দেওয়া হয়- জিজিয়া কর।
- ব্যালে নৃত্য আবিষ্কার করেন- আব্বাসি খলিফা আল আমিন।
- কারবালার যুদ্ধ সংঘটিত হয়- ইরাকে (৭৮০ খ্রিস্টাব্দে)।
- বায়তুল হিকমা বা জ্ঞানগৃহ প্রতিষ্ঠা করেন- খলিফা মামুন।
- বাগদাদ নগরীর প্রতিষ্ঠাতা- আব্বাসি খলিফা আল-মনসুর।
- The Ship of the desert বলা হয়- উটকে।
- হুদায়বিয়ার সন্ধি স্বাক্ষরিত হয়- ৬২৮ খ্রিস্টাব্দে।
- জাজিরাতুল আরব অর্থ- আরব উপদ্বীপ।
- ত্রিত্ববাদে বিশ্বাসী- খ্রিস্টানরা।
- কুরাইশ শব্দের অর্থ- বণিক বা সওদাগর।
- অনারব মুসলিমদেরকে বলা হয়- মাওয়ালি।
- প্রাক-ইসলাম স্পেনের ভূমিদাসদের বলা হতো- সার্ফ।
- ফ্লোরিডা ছিল- কাউন্ট জুলিয়ানের কন্যা।
- জঙ্গি বংশের প্রতিষ্ঠাতা- ইমাদুদ্দীন জঙ্গি।

## মহানবী (স) এর জীবনের গুরুত্বপূর্ণ যুদ্ধসমূহ

| যুদ্ধ | সময়কাল | যুদ্ধ | সময়কাল |
|---|---|---|---|
| বদর যুদ্ধ | ৬২৪ খ্রি. | উহুদ যুদ্ধ | ৬২৫ খ্রি. |
| খন্দক যুদ্ধ | ৬২৭ খ্রি. | মক্কা বিজয় | ৬৩০ খ্রি. |
| হুনায়ুনের যুদ্ধ | ৬৩০ খ্রি. | তাবুক অভিযান | ৬৩০ খ্রি. |

## ইসলামের গুরুত্বপূর্ণ ও ঐতিহাসিক জায়গা

| নাম | অবস্থান |
|---|---|
| মসজিদ আল হারাম | মক্কা (সৌদি আরব) |
| বায়তুল ফুতুহ | লন্ডন (যুক্তরাজ্য) |
| গ্রজনী মসজিদ | গ্রজনী (রাশিয়া) |
| নাগ্রা মসজিদ | কুয়ালালামপুর (মালয়েশিয়া) |
| সিনাই উপদ্বীপ ও মসজিদ | সিনাই (মিশর) |
| মুজদালিফা | মক্কা (সৌদি আরব) |
| মিনা (তাবুর শহর) | মক্কা (সৌদি আরব) |

## ইসলামের ৫ জন গুরুত্বপূর্ণ দার্শনিক

| নাম | তথ্য |
|---|---|
| আল কিন্দি | ➤ দর্শন বিষয়ক 'অন ফার্স্ট ফিলসফি' গ্রন্থের লেখক। |
| আল ফারাবি | ➤ আল ফারাবিকে দর্শনের 'সেকেন্ড মাস্টার' বলা হয়। |
| আল গাজ্জালি | ➤ ইসলামের শ্রেষ্ঠ দার্শনিক হিসেবে পরিচিত। |
| ইবনে রুশদ | ➤ ইবনে রুশদ পশ্চিমা বিশ্বে 'অ্যাভেরোস' নামে পরিচিত। |
| ইবনে খালদুন | ➤ ইবনে খালদুনের লেখা শ্রেষ্ঠ গ্রন্থ 'আল-মুকাদ্দিমা'। |

## ইসলামের কয়েকজন গুরুত্বপূর্ণ কবি

| নাম | তথ্য |
|---|---|
| হাসসান বিন সাবিত | ➤ তাকে বলা হতো 'শায়িরুর রাসুল' বা 'রাসুলের কবি'। |
| খানাসা | ➤ জ্বীন ও মানুষের কবি হিসেবে পরিচিত ছিলেন। |
| বুল্লে শাহ | ➤ পাকিস্তানের মুসলিম সাধক ও কবি। |
| ইবনুল আরাবি | ➤ স্পেনের একজন খ্যাতিমান মুসলিম কবি। |
| ফরিদ উদ্দিন আত্তার | ➤ ফারসি ভাষার আধ্যাত্মিক কবি। |
| নিজামী গজনবী | ➤ 'খামসা' গ্রন্থের লেখক (পাঁচ কবিতার এই গ্রন্থকে বিশ্ব সাহিত্যের 'পঞ্চরত্ন' বলা হয়)। |



ক্রুসেড যুদ্ধে বিজয়ী গাজী সালাহউদ্দিন আইয়ুবি।

## অনুশীলনী

**01. 'জাজিরাতুল আরব' অর্থ কী?**
A. আরব মালভূমি B. আরব মরুভূমি
C. আরব সংস্কৃতি D. আরব উপদ্বীপ

**02. আরবের প্রধান কৃষিপণ্য কী?**
A. ধান B. পাট
C. গম D. খেজুর

**03. আরবীয়দের আয়ের প্রধান উৎস কোনটি?**
A. তেলের খনি B. ব্যাসল্ট পাওয়ার
C. গ্রানাইট D. খাঁটি সোনা

**04. 'ইয়েমেন' শব্দের অর্থ কী?**
A. সুখী B. বিত্তশালী
C. সম্মানিত D. ঐশ্বর্যশালী

**05. হাম্মুরাবি কোন সভ্যতার রাজা ছিলেন?**
A. ব্যাবিলনীয় B. সুমেরীয়
C. পারসিক D. অ্যাসিরীয়

**06. প্রথম গণতন্ত্রের ধারণা দেয় কারা?**
A. সুমেরীয়রা B. মিসরীয়রা
C. গ্রিকরা D. রোমানরা

**07. 'কুরাইশ' শব্দের অর্থ কী?**
A. সত্যবাদী B. বণিক
C. সাহায্যকারী D. স্বর্ণকার

**08. হিলফুল ফুজুল গঠন করা হয়েছিল কেন?**
A. গোত্রীয় সমৃদ্ধির জন্য B. গোত্রীয় ঐক্যের জন্য
C. যুদ্ধে জয়লাভের জন্য D. শান্তি প্রতিষ্ঠার জন্য

**09. মহানবী (স) কোন পাহাড়ে উঠে বিদায় হজের ভাষণ দেন?**
A. জাবালে নূর B. সাওর
C. সাফা পর্বতে D. জাবালে রহমত

**10. 'খুলাফায়ে রাশেদিন' শব্দের অর্থ কী?**
A. সত্য ও ন্যায়পথগামী খলিফাগণ
B. আল্লাহর সাহায্যকারী খলিফাগণ
C. আল্লাহর রাস্তায় জিহাদকারী
D. দায়িত্বপালনকারী

**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | B | 02 | D | 03 | A | 04 | A | 05 | A |
| 06 | C | 07 | B | 08 | D | 09 | D | 10 | A |

11. খলিফা শব্দের অর্থ কী?
A. বিশ্বস্ত B. প্রতিনিধি
C. জায়গির D. অনুচর

12. আবু বকর 'সিদ্দিক' উপাধি পান কেন?
A. মেরাজের ঘটনা বিশ্বাসের জন্য
B. দানশীলতার জন্য
C. হিজরতের জন্য D. তায়েফ গমনের জন্য

13. আতিক হিসেবে পরিচিত ছিলেন কে?
A. হযরত উমর (রা) B. হযরত আলি (রা)
C. ইমাম হোসেন D. আবু বকর (রা)

14. উষ্ট্রের যুদ্ধের অপর নাম কী?
A. সিফফিনের যুদ্ধ B. নিহাওয়ান্দের যুদ্ধ
C. জামালের যুদ্ধ D. খারিজিদের যুদ্ধ

15. উমাইয়া খিলাফতের প্রতিষ্ঠাতা কে?
A. আবু বকর (রা) B. মুয়াবিয়া
C. আবদুল মালিক D. ওমর (রা)

16. কারবালার যুদ্ধ সংঘটিত হয় কত খ্রিস্টাব্দে?
A. ৬৮০ B. ৬৮১
C. ৬৮২ D. ৬৮৫

17. উমাইয়া যুগের শিল্পকলার শ্রেষ্ঠ নিদর্শন কোনটি?
A. দামেস্ক মসজিদ B. আল আকসা মসজিদ
C. কুব্বাতুস সাখরা D. সবুজ রাজ প্রাসাদ

18. কত খ্রিস্টাব্দে উমাইয়াদের পতন ঘটে?
A. ৭১২ B. ৭৩৫
C. ৭৫০ D. ৭৫৭

19. উমাইয়া খিলাফতের অন্যতম প্রধান বৈশিষ্ট্য কী ছিল?
A. বংশানুক্রমিক রাজতন্ত্র প্রতিষ্ঠা B. প্রজাতন্ত্র প্রতিষ্ঠা
C. গণতন্ত্র প্রতিষ্ঠা D. সমাজতন্ত্র প্রতিষ্ঠা

20. 'আস-সাফফাহ' শব্দের অর্থ কী?
A. রক্তপ্রবাহকারী B. রক্তপাত
C. রক্তপিপাসু D. রক্তের প্রয়োজন

21. দারুস সালাম অর্থ কী?
A. আলোর নিবাস B. শান্তির নিবাস
C. সৌন্দর্যের নিবাস D. জ্ঞানের নিবাস

22. আব্বাসি বংশের সর্বশ্রেষ্ঠ খলিফা ছিলেন কে?
A. আবুল আব্বাস B. হারুন-অর-রশীদ
C. আল আমিন D. আল মামুন

23. আল মামুনের খিলাফতকালে শ্রেষ্ঠ বিদ্যাপীঠের নাম কী?
A. বায়তুল আমান B. বায়তুল হিকমা
C. বায়তুল ইজ্জত D. বায়তুল মামুর

24. 'বায়তুল হিকমা' শব্দের অর্থ কী?
A. জ্ঞানগৃহ B. জ্ঞানবৃক্ষ
C. জ্ঞানসমুদ্র D. জ্ঞান সংকলন

25. বাগদাদ নগরী ধ্বংসের প্রত্যক্ষ কারণ কী ছিল?
A. সেলজুকদের আক্রমণ
B. মোঙ্গল নেতা হালাকু খানের আক্রমণ
C. সালাউদ্দিন আইয়ুবি আক্রমণ D. রোমানদের আক্রমণ

26. হালাকু খান কত খ্রিস্টাব্দে বাগদাদ আক্রমণ করেন?
A. ১২৫৫ B. ১২৫৬
C. ১২৫৭ D. ১২৫৮

27. কোন খলিফাকে 'রূপকথার রাজা' বলা হয়?
A. আবুল আব্বাস আস সাফফাহ B. আর মনসুর
C. হারুন অর রশীদ D. আল মামুন

28. মুসলমানদের স্পেন বিজয়ের সময় মুসলিম বিশ্বের খলিফা কে ছিলেন?
A. ওমর (রা) B. মুয়াবিয়া
C. আল ওয়ালিদ D. আবদুল মালিক

29. মুসলমানরা কত খ্রিস্টাব্দে স্পেন বিজয় করে?
A. ৭১০ B. ৭১১
C. ৭১২ D. ৭১৩

30. কাউন্ট জুলিয়ান কে ছিলেন?
A. উইটিজারের জামাতা B. উইটিজারের ভ্রাতা
C. উইটিজারের পুত্র D. উইটিজারের ভগ্নিপতি

31. টুরসের যুদ্ধ সংঘটিত হয় কত খ্রিস্টাব্দে?
A. ৭৩০ B. ৭৩১
C. ৭৩২ D. ৭৩৩

32. কর্ডোভা মসজিদ কে নির্মাণ করেন?
A. আবদুর রহমান আর গাফেকি B. আবদুর রহমান আদ-দাখিল
C. আবদুর রহমান আল আওসাদ D. তৃতীয় আবদুর রহমান

উত্তরমালা

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 11 | B | 12 | A | 13 | D | 14 | C | 15 | B |
| 16 | A | 17 | C | 18 | C | 19 | A | 20 | C |
| 21 | B | 22 | B | 23 | B | 24 | A | 25 | B |
| 26 | D | 27 | C | 28 | C | 29 | B | 30 | A |
| 31 | C | 32 | B | | | | | | |



CamScanner

# ইসলামের ইতিহাস ও সংস্কৃতি দ্বিতীয় পত্র

## একাদশ-দ্বাদশ শ্রেণি

# ইসলামের ইতিহাস ও সংস্কৃতি

- প্রাচীনকালে হিন্দু নারীরা নিজেদের সম্মান রক্ষার্থে অগ্নিকুণ্ডে আত্মাহুতি দেওয়াকে বলা হতো- জওহর ব্রত।
- সুলতান মাহমুদের সভাকবি আবুল কাসেম ফেরদৌসি রচিত মহাকাব্য শাহনামা রচনা করতে সময় লাগে- প্রায় ৩০ বছর।
- ইন্দো-মুসলিম স্থাপত্যের উল্লেখযোগ্য কীর্তি- কুতুব মিনার।
- 'জাহানসুজ' শব্দের অর্থ- পৃথিবীদাহক বা পৃথিবী ধ্বংসকারী।
- কনফেডারেসি বলতে বোঝায়- রাজনৈতিক ঐকজোটকে।
- প্রাচ্যের হোমার বলা হয়- আবুল কাসেম ফেরদৌসিকে।
- ভারতবর্ষকে সুরক্ষা করছে যে পবর্ত- হিমালয়।
- 'নৃতত্ত্বের জাদুঘর' বলা হয়- ভারতবর্ষকে।
- দেবল বন্দর অবস্থিত ছিল- সিন্ধুতে।
- 'লাখ বকস' যার উপাধি- কুতুবউদ্দিন আইবেক।
- ভারতের তোতাপাখি নামে খ্যাত- আমির খসরু।
- বন্দেগান-ই-চেহেলগান- চল্লিশ দাস গোষ্ঠী (ইলতুৎমিশের সময়ে গঠিত হয়)।
- সম্রাট রাজপুতদের সাথে সুসম্পর্কের জন্য যে নীতি গ্রহণ করেন- মিলনাত্মক নীতি।
- সম্রাট আকবরের নবরত্ন ব্যক্তিবর্গ হলেন- মির্জা আবদুর রহিম, মির্জা আবদুল আজিজ কোকলতাস, আবুল ফজল, কবি ফৈজী, হোসায়ন খান, বাক্যবাগীশ আবুল ফাতাহ গিলানী, রাজা টোডরমল, রসিক প্রবর রাজা বীরবল।
- 'The Sepoy Mutiny and the Revolt of 1857' গ্রন্থটির লেখক আর সি মজুমদার।
- সুবাদার ইসলাম খান রাজমহল থেকে ঢাকায় রাজধানী স্থানান্তর করেন- ১৬১০ সালে।
- 'Wealth of India' বলা হয়- ভারতবর্ষকে।
- তৈমুর লঙ ভারত আক্রমণ করেন- ১৩৯৮ সালে।
- 'Bell of Justice' বা ন্যায়বিচারের ঘণ্টা প্রবর্তন করেন- সম্রাট জাহাঙ্গীর।
- 'ইন্ডিয়ান মুসলমানস' গ্রন্থটির লেখক- উইলিয়াম উইলসন হান্টার।

## Letter De Chachet

- ফরাসি বিপ্লবের পূর্বে ফ্রান্সের একটি নির্মম আইন।
- এই আইনে বিনা বিচারে গ্রেফতারের নিয়ম ছিল।
- লুই শাসকদের এই আইন বিপ্লবকে অনিবার্য করে তুলেছিল।

## প্রিন্স মেটারনিক

- প্রিন্স মেটারনিককে ইউরোপের ইতিহাসের শ্রেষ্ঠ কূটনীতিবিদ বলা হয়।
- তিনি অস্ট্রিয়ার প্রধানমন্ত্রী ছিলেন।
- ১৮১৫-১৮৪৮ খ্রিস্টাব্দ পর্যন্ত সময়কে মেটারনিক যুগ বলা হয়।
- মেটারনিকবাদ হলো অস্ট্রিয়ার হ্যাবসবার্গ রাজবংশের শাসনকে নিরাপদ ও দীর্ঘস্থায়ী করার কূটনীতি মাস্টার প্ল্যান।

## ডায়াসপোরা

- ডায়াসপোরা অর্থ- ছড়িয়ে ছিটিয়ে পড়া।
- কোনো জনগোষ্ঠী যদি আদি ভূমি থেকে অন্য কোনো অঞ্চলে বসবাস করে অথবা করতে বাধ্য হয় তাকে ডায়াসপোরা বলে।
- ডায়াসপোরা- ৪ ধরনের (নির্যাতিত, শ্রমিক, রাজকীয় এবং বণিক ডায়াসপোরা)।

## Militant Minority এবং Pluralistic Minority

- আক্রমণাত্মক বা ভয়ঙ্করভাবে সক্রিয় সংখ্যালঘু জনগোষ্ঠীকে Militant Minority বলে।
- যখন কোনো সংখ্যালঘু সম্প্রদায় বৃহত্তর সমাজে অভিবাসন গড়ে তোলে তখন যদি নিজেদের সাংস্কৃতিক ধারাকে রকযা করে নতুন সাংস্কৃতিক পরিবেশে খাপ-খাওয়াতে চেষ্টা করে তখন তাকে Pluralistic Minority বলে।

### বিপ্লব পূর্ববর্তী ফ্রান্সের অভিজাত শ্রেণি

| | |
|---|---|
| First estate | যাজকগণ |
| Second estate | অভিজাতগণ |
| Third estate | অধিকারহীন শ্রেণি |

## পশ্চিমা বিশ্বের মুসলিম সমাজ

- ইউরোপের যে দেশে প্রথম মুসলিম শাসনে আসে- স্পেন (আন্দালুসিয়া)।
- ইউরোপের মুসলিম দেশ- আলবেনিয়া, কসোভো।
- 'নূর আল ইসলাম' মসজিদটির অবস্থান- লন্ডনের কার্ডিফে।
- মুসলমানদের NICMU সংগঠনটি রয়েছে- যুক্তরাজ্যে।
- মুসলমানদের জন্য যুক্তরাজ্য সরকারের সর্বোচ্চ সম্মাননা পদ- Advisor.
- আমেরিকার দ্বিতীয় বৃহত্তম ধর্ম- ইসলাম।
- আমেরিকায় কৃষ্ণাঙ্গ মুসলমানদের সবচেয়ে শক্তিশালী সংগঠন- The National Islam.
- কানাডায় মুসলমানদের প্রথম প্রতিষ্ঠান- Edmontos Alberta.

## মঠতন্ত্র (Monasticism)

- মধ্যযুগে সন্ন্যাসীদের কার্যালয়কে বলা হতো- মঠ।
- এই মঠকে কেন্দ্র করে মধ্যযুগে গড়ে ওঠে- মঠতন্ত্র।
- মঠ প্রথা বা Monasticism একটি- গ্রিক শব্দ (অর্থ- Living Alone)।

## পোপতন্ত্র

- গ্রিক শব্দ 'Papa' শব্দ থেকে 'Papatia'এবং তা থেকে ইংরেজি 'Papacy' বা পোপতন্ত্রের উদ্ভব।
- মধ্যযুগে ইউরোপের চার্চকে কেন্দ্র করে গড়ে ওঠে- পোপতন্ত্র।
- ৫টি প্যাট্রিয়াটিকের মধ্যে একটিকে সর্বোচ্চ নির্বাচিত করে এর অধিকর্তাকে বলা হয়- পোপ।

## আরো জানতে হবে

- ব্রিটিশদের বিরুদ্ধে যুদ্ধ করে প্রথম শহিদ হন- মীর নিসার আলী (তিতুমীর)।
- নীল বিদ্রোহ শুরু হয়- ১৮৫৯ সালে (১৯৬০ সালে কৃষকদের বিজয় হয়)।
- অখণ্ড বাংলা প্রস্তাব প্রথম উত্থাপন করেন- হোসন শহীদ সোহ্‌রাওয়ার্দী।
- সিয়ার উল মুতাখিরিন গ্রন্থের রচয়িতা- গোলাম হোসেন তবাতবাইয়র।
- ময়ূর সিংহাসন নির্মিত হয়- শিল্পী বেবাদল খানের তত্ত্বাবধানে।
- ভারতবর্ষের প্রথম গভর্নর জেনারেল- ওয়ারেন হেস্টিংস।
- 'মোহসিন ফান্ড' গঠন করা হয়- ১৮০৬ সালে।
- 'হান্টার কমিশন' গঠিত হয়- ১৮৮২ সালে।
- দিল্লির সম্রাট পদ বিলুপ্ত করেন- লর্ড ডালহৌসি।
- বাংলার নবজাগরণের অগ্রদূত বলা হয়- নবাব আবদুল লতিফকে।
- পাকিস্তানের জনসংখ্যার বাংলা ভাষাভাষী ছিল- ৫৬.৪০ শতাংশ।
- বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় মার্কিন প্রেসিডেন্ট নিক্সন যেখান থেকে সপ্তম নৌবহর বাংলাদেশের দিকে পাঠানোর নির্দেশ দেন- ভিয়েতনাম থেকে।
- হীরা মহল, মতি মহল, রঙ্গমহল, শীষ মহল ও নিজামউদ্দিন আউলিয়ার সমাধি সৌধ নির্মাণ করেছেন- সম্রাট শাহজাহান।
- মুঘল সম্রাজ্ঞী নূরজাহানকে সিংহাসনের পশ্চাতের শক্তি বলে অভিহিত করেছেন- ভিনসেন্ট স্মিথ।
- তাজমহলকে 'ভেনাস দ্য মিলো' বলে অভিহিত করেছেন- ইতিহাসবিদ হ্যাভেল।
- "হীরা মুক্তা-মাণিক্যের ঘটা", একবিন্দু নয়নের জল, কালের কপোল তলে শুভ্র সমুজ্জ্বল, এ তাজমহল"-- তাজমহল নিয়ে লিখিত এ পঙ্ক্তিটি যে কবির রচনা- রবীন্দ্রনাথ ঠাকুর।
- সর্বপ্রথম বাংলার মুসলিম সমাজে পঞ্চায়েত ব্যবস্থার প্রচলন করেন- হাজী শরীয়তউল্লাহ।
- সম্রাট আকবরের সময়কালে প্রধানমন্ত্রী পদমর্যাদার সম্পন্ন ব্যক্তির পদ ছিল- ভকিল (Vakil)।
- সম্রাট আকবর 'দীন-ই-এলাহী' ধর্মমত প্রবর্তন করেন- ১৫৮২।
- পাকিস্তানের মোট রাজস্ব আয়ের ৬০ শতাংশ আসতো বাংলা থেকে।
- সুলতান রাজিয়ার রাজত্বের সময়কাল ছিল- ৩ বছর ৩ মাস ৬ দিন।
- তুঘলক বংশ ভারত শাসন করে- ১৩২০ থেকে ১৪১৩ সাল পর্যন্ত।
- ঢাকা গেইটের নির্মাতা- মীর জুমলার প্রকৃত নাম- মীর মুহাম্মদ।
- মুঘল সম্রাজ্ঞী মমতাজের উপাধি ছিল- মালিকা-ই-জামান।
- সুলতান মাহমুদ কাশ্মীরে অভিযান চালান- ১০১৪ সালে।
- আগরতলা মামলার ট্রাইব্যুনালের সদস্য ছিল- ৩ জন।
- রামমোহন রায়কে রাজা উপাধি দেন- দ্বিতীয় আকবর।
- যে মুঘল সম্রাট মেবার বিজয় করেন- সম্রাট জাহাঙ্গীর।
- বখতিয়ার খলজিকে হত্যা করে- আল মর্দান খলজি।
- সর্বেশ্বরবাদী ভারতীয় ধর্ম- শিখধর্ম।
- ভারতবর্ষের প্রাচীনতম জাতি- দ্রাবিড়।
- মুহাম্মদ বিন কাসিমকে সিন্ধু অভিযানে প্রেরণ করেন- হাজ্জাজ বিন ইউসুফ।
- মরক্কোর পর্যটক আবদুল্লাহ মোহাম্মদ ইবনে বতুতার জন্ম- আফ্রিকার তাঞ্জিয়ারে।
- আলেকজান্ডার ভারত আক্রমণ করে সিন্ধুর রাজা দাহিরকে পরাজিত করে- ৩২৬ খ্রিস্টপূর্বাব্দে।
- পৃথিবীর প্রাচীনতম বিশ্ববিদ্যালয় নালন্দা বিশ্ববিদ্যালয় প্রাচীন ভারতের মগধ রাজ্যে অবস্থিত ছিল (বর্তমানে ভারতের বিহার রাজ্যে)।

## দস্তরুল আলম

- 'দস্তরুল আলম' নামক বিধি জারি করেন- মুঘল সম্রাট জাহাঙ্গীর।
- 'দস্তরুল আলম' এর বিধি সংখ্যা ছিল- ১২টি।
- উদ্দেশ্য- অনাচার রোধ করা এবং শৃঙ্খলা ও জননিরাপত্তা রক্ষা করা।

## সড়ক-ই-আযম

- সড়ক-ই-আযমের আরেক নাম- গ্র্যান্ড ট্র্যাঙ্ক রোড।
- এই সড়কের দৈর্ঘ্য ছিল- প্রায় ১৫০০ মাইল (পূর্ববঙ্গের সোনারগাঁও থেকে সিন্ধু নদ পর্যন্ত)।
- নির্মাতা- আফগান শাসক শের শাহ।



CamScanner

## সুলহ-ই-কুল

- 'সুলহ-ই-কুল' শব্দের অর্থ- পূর্ণাঙ্গ শান্তি।
- এই প্রথার প্রবর্তক- সম্রাট আকবর।
- এই প্রথার মূলকথা- ধর্মান্ধতা পরিহার এবং পরধর্মে হস্তক্ষেপ না করা।

## শেরশাহ শূরি

- রোটাস দুর্গ নির্মাণ করেন- শেরশাহ।
- 'পাট্টা' প্রথা চালু করে- শেরশাহ
- 'পাট্টা' প্রথা হলো- জমির ওপর কৃষকদের স্বত্ব (অধিকার) দলিল।
- শেরশাহের 'তাকাভী' ব্যবস্থা হলো- কৃষিঋণ।

**আরো জানুন...**

- ছিয়াত্তরের মন্বন্তর (দুর্ভিক্ষ) হয়- ১১৭৬ বঙ্গাব্দে (১৭৭০ সাল)।
- পঞ্চাশের মন্বন্তর (দুর্ভিক্ষ) হয়- ১৩৫০ বঙ্গাব্দে (১৯৪৩ সাল)।
- পলাশীর যুদ্ধ সংঘটিত হয়- ২৩ জুন, ১৭৫৭ সালে।
- বক্সারের যুদ্ধ সংঘটিত হয়- ২২ অক্টোবর, ১৭৬৪ সালে।
- সিপাহী যুদ্ধ সংঘটিত হয়- ১০ মে, ১৮৫৮ সালে।



সম্রাট শাহজাহান

স্থাপত্য শিল্পের বৈপ্লবিক উন্নতি সাধনের জন্য সম্রাট শাহজাহানকে বলা হয় **"The Prince of Builders of Engineer King".**

সম্রাট আকবরের রাজপুত্র স্ত্রী রানি যোধবাঈর গর্ভে বহু সাধনার পর জন্ম নেওয়া জাহাঙ্গীরকে **"A Child of Many Prayer's** বলা হতো।



সম্রাট জাহাঙ্গীর

## অনুশীলনী

**01. আরবদের সিন্ধু বিজয়ের সময় মুসলিম বিশ্বের খলিফা ছিলেন কে?**
A. আল ওয়ালিদ B. হাজ্জাজ বিন ইউসুফ
C. আব্দুল মালিক D. আব্দুল আজিজ

**02. দেবল বন্দরটি কোন রাজ্যে অবস্থিত?**
A. সিন্ধু B. মালাবার C. মুলতান D. করমণ্ডল

**03. ভারতবর্ষের প্রাচীনতম অধিবাসী কারা?**
A. আর্য B. শক C. হুন D. দ্রাবিড়

**04. 'শাহনামা' গ্রন্থের রচয়িতা কে?**
A. আবুল কাসেম ফেরদৌসি B. আল বিরুনি
C. আবুল ফজল D. আবুল হাসান ফিদা

**05. দিল্লি সালতানাত কত বছর স্থায়ী ছিল?**
A. ৩০০ বছর B. ৩১০ বছর
C. ৩২০ বছর D. ৩৪০ বছর

**06. কুতুবউদ্দিন আইবেককে 'লাখ বকস' উপাধি দেওয়া হয়েছিল কেন?**
A. দানশীলতার জন্য
B. কবি-সাহিত্যিকদের পৃষ্ঠপোষকতার জন্য
C. স্থাপত্যশিল্পে অবদান রাখার জন্য D. ধর্মপরায়ণতার জন্য

**07. 'চল্লিশ চক্র' গঠন করেন কে?**
A. কুতুবউদ্দিন আইবেক B. ইলতুৎমিশ
C. গিয়াসউদ্দিন বলবন D. আলাউদ্দিন খলজি

**08. 'রক্তপাত এবং কঠোর নীতি'র জন্য কে ইতিহাসে পরিচিতি লাভ করেছেন?**
A. মুহাম্মদ ঘুরি B. গিয়াসউদ্দিন বলবন
C. ইলতুৎমিশ D. কুতুবউদ্দিন আইবেক

**09. শের শাহের সর্বাপেক্ষা ক্ষুদ্রতম শাসন ইউনিট কোনটি?**
A. গ্রাম B. ইউনিয়ন
C. পৌরসভা D. মহল্লা

**10. মনসব শব্দের অর্থ কী?**
A. পদ বা মর্যাদা B. প্রদেশ C. সরকার D. সিংহাসন


**উত্তরমালা**

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| 01 | A | 02 | A | 03 | D | 04 | A | 05 | C |
| 06 | A | 07 | B | 08 | B | 09 | A | 10 | A |



CamScanner

## এক নজরে ২০২৩-২৪ সেশনের ভর্তি পরীক্ষায় জোবায়ের'স সিরিজের বই থেকে যত কমন!




২০২৩-২৪ ঢাবি খ ইউনিটের ভর্তি পরীক্ষায় ৩০টি প্রশ্নের মধ্যে **২৯টিই** কমন পড়েছে **জোবায়ের'স GK** ও **সাম্প্রতিক ক্যাপসুল** থেকে, যা পরীক্ষার পরপরই আমাদের ফেসবুক পেজে ছবিসহ প্রমাণ দিয়ে পোস্ট করা হয়েছে। প্রমাণসহ পোস্টটি দেখতে স্ক্যান করুন-

২০২৩-২৪ মেডিকেল ভর্তি পরীক্ষায় **১০টি প্রশ্নের মধ্যে ১০টিই কমন পড়েছে** জোবায়ের'স GK ও সাম্প্রতিক ক্যাপসুল থেকে। প্রমাণসহ পোস্টটি দেখতে স্ক্যান করুন-

২০২৩-২৪ গুচ্ছ বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় [illegible] প্রশ্নের মধ্যে **২৬টিই কমন পড়েছে** মৌলিক GK ও [illegible] GK থেকে। প্রমাণসহ পোস্টটি দেখতে স্ক্যান করুন-

২০২৩-২৪ BUP (FSSS ইউনিট) ভর্তি পরীক্ষায় **৪০টি প্রশ্নের ৩৫টিই কমন পড়েছে** জোবায়ের'স GK ও সাম্প্রতিক ক্যাপসুল থেকে। প্রমাণসহ পোস্টটি দেখতে স্ক্যান করুন-

**জোবায়ের'স সিরিজের সকল বই কুরিয়ারে নিতে যোগাযোগ করুন- rokomari.com -এ।**


# জোবায়ের'স সিরিজের অন্যান্য বই




জোবায়ের'স GK
General Knowledge




HSC'র বিষয়ভিত্তিক বোর্ড বই
বিশ্লেষণে রচিত
মৌলিক GK







সাধারণ জ্ঞান
চূড়ান্ত সাজেশন
ALL IN ONE




BUP তে ভর্তির জন্য গাইড
স্মার্ট কার্ড




চারুকলায় ভর্তির জন্য গাইড
চারু গল্প




Mowlik GK,
General
জোবায়ের আহমেদ
429426#1079245-
118
ROK-STK

...য় ভর্তি পরীক্ষায় সাম্প্রতিক
...র্বাচ্চ প্রস্তুতির জন্য পড়ুন-
...তিক ক্যাপসুল" সিরিজ।

"সাম্প্রতিক ক্যাপসুল"
সিরিজের বইগুলো (১-৪ টা) ঢাবি ভর্তি
পরীক্ষার ৩-৪ মাস আগ থেকে ঢাবি'র ভর্তি
পরীক্ষা পর্যন্ত ধারাবাহিকভাবে প্রকাশিত হয়।

ঢাবি ভর্তি পরীক্ষায় "সাম্প্রতিক ক্যাপসুল" থেকে কমন প্রাপ্তির ছবি দেয়া আছে এই বইয়ের ৫৪ নং পৃষ্ঠায়।

CamScanner